মেহেরপুরে বিএনপির অপর অংশের সমাবেশ

মেহেরপুরে গণতন্ত্র হত্যা দিবস গণতন্ত্রের পুনরুদ্ধারে ১০ দফা দাবি দাবিতে বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে জেলা বিএনপির বড়বাজার কার্যালয়ে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা যুবদলের সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল এর সঞ্চালনায় জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন আলমগীর খান ছাতু সহ-সভাপতি জেলা বিএনপি। এছাড়াও বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জিয়া মঞ্চের সিনিয়র যুগ্ন আহবায়ক মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি।

এছাড়া উপস্থিত ছিলেন জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, জিয়া মঞ্চের যুগ্ন আহবায়ক হাসানুজ্জামান বিপলু, যুবনেতা ইসমাইলসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিএনপির সমাবেশ

মেহেরপুরে ২৫শে জানুয়ারী ১৯৭৫ এর গণতন্ত্র হত্যা দিবস স্মরণে ও গণতন্ত্র পুনরুদ্ধারে ১০ দফা দাবী আদায়ের লক্ষ্যে জেলা বিএনপি’র সমাবেশ।

বুধবার বিকালে মেহেরপুর কাথুলী বাসস্ট্যাণ্ডে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য দেন অতিথি ছিলেন জেলা বিএনপি’র সিনিয়র সহ-

সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সহ-সভাপতি আব্দুর রহমান, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মোঃ সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ন-সম্পাদক আরজুল্লা মাস্টার বাবলু।
সমাবেশে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

কোটচাঁদপুর বিএনপির ১০ নেতা- কর্মী জামিনে মুক্তি

পেট্রোল বোমা ও ককটেল উদ্ধার মামলায় আদালত থেকে জামিনে মুক্তি পেলেন কোটচাঁদপুর পৌর কাউন্সিলর,ইউপি সদস্যসহ বিএনপির ১০ নেতা- কর্মী। বুধবার সকালে জেল থেকে বাড়ি ফিরেছেন তারা।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল ৭ ডিসেম্বর রাতে কোটচাঁদপুর পৌর বিএনপির অফিসের পিছন থেকে ৫ টি ককটেল ও ৩ টি পেট্রোল বোমা উদ্ধার করেন স্থানীয় থানা পুলিশ।

ওই ঘটনায় কোটচাঁদপুর থানায় মামলা হয় । যার নাম্বার- ৩,তারিখ- ৭-১২-২২। এরপর থেকে স্থানীয় থানা পুলিশের হাতে গ্রেফতার হন ১২ জন নেতা-কর্মী।

ওই মামলায় মঙ্গলবার আদালত থেকে জামিনে মুক্তি পান ১০ জন নেতা- কর্মী। যার মধ্যে রয়েছেন,কোটচাঁদপুর পৌরসভার কাউন্সিলর আবু হানিফ,ভবানিপুরের সাফদার হোসেনের ছেলে হাবিবুর রহমান,গুড়পাড়া গ্রামের মৃত আব্দুর রহিম বিশ্বাসের ছেল মনিরুজ্জামান,বহিরগাছি গ্রামের মৃত মুনসুর মন্ডলের ছেলে তোয়াছ উদ্দিন,বলাবড়িয়া গ্রামের মৃত আতর আলীর ছেলে ইদ্রিস আলী খান,গোবিন্দপুর গ্রামের মৃত চাঁদ আলীর ছেলে মোয়াজ্জেম হোসেন (৫৫), পৌর এলাকার ভবানিপুর গ্রামের আবুল কাশেমের ছেলে অসিম হোসেন (৪০),উপজেলার বলাবাড়িয়া গ্রামের শাহাদাৎ কাজীর ছেলে হাদিউজ্জামান (৪০),গুড়পাড়ার রেজাউল হকের ছেলে রিপন উদ্দিন(৩৪),শিশির কুন্ডু গ্রামের মৃত নুরুল আমীন মুন্সির ছেলে গোলাম মোস্তফা ফারুক (৪২), হরিণদীয়া গ্রামের আব্দুল ফরিদ হোসেনের ছেলে ইউপি সদস্য আবুল হোসেন (৪০)।

এদিকে নেতা-কর্মীদের জামিনের খবরে জেল গেটে জড়ো হন কোটচাঁদপুর বিএনপির নেতা-কর্মীরা। এরপর জেল থেকে বের হওয়ার পর তাদেরকে ফুলের মালা দিয়ে বরণ করেন তারা।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল বলেন, বোমা ও ককটেল উদ্ধার মামলায় মঙ্গলবার ঝিনাইদহ জেলা দায়রা জজ কোটচাঁদপুর আদালত থেকে জামিনে মুক্তি পান ১০ জন নেতা-কর্মী। তবে কাগজ পত্রের কারনে বুধবার সকালে জেল থেকে বাড়ি ফিরেছেন তারা।

আলমডাঙ্গায় বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ

১০ দফা বাস্তবায়ন ও বিদ্যুতের মূল্য কমানো এবং সকল রাজবন্দির মুক্তির দাবিতে আলমডাঙ্গা বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে সোমবার বিকেল ৩ টায় এ মিছিল ও সমাবেশের আয়োজন করে।

বিক্ষোভ মিছিলটি ফায়ার সার্ভিস অফিসের পাশের চাতাল প্রাঙ্গণ থেকে বের হয়ে রাস্তা প্রদক্ষিণ করে আবারো পূণরায় চাতাল সংলগ্নে সংক্ষিপ্ত সমাবেশ করে।

সমাবেশে বক্তারা বিদ্যুৎসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম কমানো, বিরোধী দলীয় নেতাকর্মীদের উপর হামলা-মামলা, অত্যাচার, নির্যাতন, গুম, খুন বন্ধ এবং কর্তৃত্ববাদী ফ্যাসিস্ট সরকারকে অবিলম্বে পদত্যাগ করে নিরপেক্ষ সরকারের অধীনে সকল দলের অংশগ্রহণে একটি অবাধ, সুষ্ঠু ও সবার কাছে গ্রহণযোগ্য নির্বাচন দেয়ার জোর দাবি জানান।

আলমডাঙ্গা উপজেলা বিএনপির সভাপতি আব্দুল জব্বার বাবলুর সভাপতিত্বে ও উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল হক রোকনের

সঞ্চালনায় সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা বিএনপি আহবায়ক কমিটির সদস্য খন্দকার আব্দুল জব্বার সোনা।

এছাড়াও প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ও আলমডাঙ্গা পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আক্তারুজ্জামান, পৌর বিএনপির সহ-সাধারণ সম্পাদক মাহাবুল হক, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আলি আজগার সাচ্চু।

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজেদ হোসেন, ডাউকি ইউনিয়ন বিএনপির সভাপতি আবদার আলী, কুমারী ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, খাসকররা ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রশীদ, নাগদাহ ইউনিয়ন বিএনপির সভাপতি বোরহান উদ্দিন, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি শাহ আলম, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শেরেবুল ইসলাম, বাড়াদি ইউনিয়ন বিএনপির সভাপতি বকুল, কালিদাসপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক লালন, বাড়াদি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শুকুর আলি, খাসকররা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক রাজাবুল, ডাউকি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আব্দুস সালাম, পৌর বিএনপির সহ-সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মিলন, সাংগঠনিক সম্পাদক রাশেদুল ইসলাম, পৌর ১ নম্বর ওয়ার্ড সভাপতি রহিদুল ইসলাম, ২ নম্বর ওয়ার্ড সভাপতি হাফিজুর রহমান চমক, ৩ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুল জব্বার, ৪ নম্বর ওয়ার্ড সভাপতি মাসুদ সালেহ লিপু, ৫ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুর রশীদ, ৬ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুল রাজ্জাক, ২ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল হক মিন্টু, ৭ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আলতাফ হোসেন,উপজেলা যুবদলের যুগ্নআহবায়ক জাহাঙ্গীর হোসেন চৌধুরি,পৌর যুবদলের যুগ্নআহবায়ক হাফিজুর রহমান, পৌর সেচ্ছাসেবক দলের আহবায়ক কামরুজ্জামান হিমেল, উপজেলা ছাত্র দলের আহবায়ক জাহিদ হাসান শুভ, সদস্য সচিব আল ইমরান রাসেল, পৌর ছাত্রদলের আহবায়ক আতিক হাসান রিঙ্কু, যুগ্নআহবায়ক রাজু আহমেদ। আরো উপস্থিত ছিলেন উপজেলা, পৌর ও ইউনিয়ন বিএনপির সকল নেতৃবৃন্দ।

[redacted]

[redacted]

মেহেরপুরে বিএনপির অপরাংশের বিক্ষোভ সমাবেশ

মেহেরপুরে বিএনপির ১০ দফা দাবি ও বিদ্যুতের মূল্য কমানোর দাবিতে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর বড়বাজারে বিএনপির অপরাংশের কার্যালয়ের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির সহ সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহসভাপতি আলমগীর খান ছাতু। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন যুগ্ন সম্পাদক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সহ সংগঠনিক সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন।

জেলা যুবদলের সঞ্চালনা করেন সহসাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল। সমাবেশে আরো উপস্থিত ছিলেন জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, সিনিয়র যুগ্ন আহবায়ক মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি, যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টুসহ নেতাকর্মীরা।

মেহেরপুরে বিএনপির ১০ দফা ও বিদ্যুতের মূল্য কমানোর দাবিতে বিক্ষোভ সমাবেশ

মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপি’র উদ্যোগে ১০ দফা ও বিদ্যুতের মূল্য কমানোর দাবিতে বিক্ষোভ সমাবেশ অনিুষ্ঠত হয়েছে। সোমবার বিকালে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় চত্তরে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি ও পৌর বিএনপি সভাপতি

জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে সমা বেশেপ্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা উপজেলা বিএনপির সভাপতি এডভোকেট মারুফ আহমেদ বিজন, মুজিবনগর মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপি’র যুগ্ন সম্পাদক আব্দুর রহিম, সদর উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, মহিলা দলের সভাপতি সাইয়েদুন্নেসা নয়ন, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি আকিব জাবেদ সেনজিন। স

ঞ্চালনায় ছিলেন পৌর বিএনপি সাধারণ সম্পাদক আবু ওবায়দুল্লাহ। সমাবেশে মেহেরপুর জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

মেহেপুরে যুগপৎ আন্দোলন ও রাষ্ট্রকাঠামো মেরামত রুপরেখার লিফলেট বিতরণ

মেহেরপুরে বিএনপি ঘোষিত যুগপৎ আন্দোলনের ১০ দফা ও তারেক রহমান-এর রাষ্ট্রকাঠামো মেরামত রূপরেখা’র লিফলেট বিতরণ করেছে জেলা বিএনপি।

আজ শনিবার সকালে মেহেরপুর জেলা বিএনপি ‘র সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে বিএনপির নেতকর্মীরা পথচলতি মানুষ ও বিভিন্ন ব্যবসায়ীদের লিফলেট বিতরণ করেন।

এসময় জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক সাবেক কমিশনার মনিরুল ইসলাম, মাহবুবুর রহমান, ১নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি ও পৌর বিএনপি’র সহ-

সভাপতি হাবিব ইকবাল,জেলা বিএনপি’র সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলি ভূট্টো,জেলা জাসাসের আহ্বায়ক মাহফুজুর রহমান অশেষ,জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজীব খান, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ সহ অন্যান্য অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠিত করে তার অধীনে সুষ্ঠু নির্বাচন করতে হবে — এ্যাড. নিতাই রায় চৌধুরী

বিএনপির ভাইস চেয়ারম্যান এ্যাড. নিতাই রায় চৌধুরী বলেছেন, পাল্র্◌ামেন্ট বহাল রেখে নির্বাচন পৃথিবীর কোথাও নেই। একজন এমপি থেকে নির্বাচন করবেন আরেকজন এমপি না হয়ে নির্বাচন করবেন, যে কারণে আমরা ২০১৪ সালের নির্বাচন বয়কট করেছি, ২০১৮ সালের নির্বাচনও বয়কট করেছি। তাই আগামী নির্বাচনের আগেই পার্লামেন্ট ভেঙে দিয়ে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠিত করে তার অধীনে সুষ্ঠু নির্বাচন করতে হবে।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরে বিএনপি ঘোষীত যুগপৎ আন্দোলনের ১০ দফা ও রাষ্ট্র কাঠামো মেরামতের রুপরেখা নিয়ে ব্যাখ্যা ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

বিএনপির আন্দোলন ব্যর্থতে পরিণত হয়েছে সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে নিতাই রায় চৌধুরী বলেন, পাগলে কিনা বলে ছাগলে কিনা খাই. আওয়ামী লীগ নেতাদের এখন এই অবস্থা। দেশের ৮০ ভাগ জনগণ তাদের এ ধরণের বক্তব্য ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে। গত ১৫ বছর ধরে আমাদের ইফাতারপার্টি করতে দেওয়া হয়নি, মানববন্ধন করতে দেওয়া হয়, কোন সমাবেশ করতে দেওয়া হয়নি। ইফতার পার্টি থেকে, মানববন্ধন থেকে আমাদের নেতাকর্মীদের ধরে নিয়ে যাওয়া হয়েছে। আমাদের সোনার

ছেলেদের গুম করা হয়েছে। আমাদের সমাবেশ করা, হরতাল আহবান করা, ঘেরাও করা সাংবিধানিকভাবে গণতান্ত্রিক অধিকার। সেগুলো তারা হরণ করে এখন ভুলভাল বক্তব্য দিয়ে বেড়াচ্ছে। বিএনপি একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল। তাই গণতান্ত্রিক ব্যবস্থায় পার্লামেন্ট ভেঙে দিয়ে নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধিনে নির্বাচন দিতে হবে।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপির কেন্দ্রীয় কমিটির সহ সাংগঠনিক বাবু জয়ন্ত কুমার কুণ্ডু, জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, সিনিয়র সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন, ইলিয়াস হোসেন, সহসভাপতি আলমগীর খান ছাতু, আব্দুর রহমান। আলোচনা সভায় মেহেরপুর জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

মেহেরপুরে বিএনপির গণমিছিল ও সমাবেশ

কর্তৃত্তবাদী সরকারের পদত্যাগ, রাষ্ট্র সংস্কারের ২৭ দফা প্রস্তাব বাস্তবায়ন, বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা, মহাসচিব ফখরুল ইসলাম আলমগীর, জাতীয় স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসসহ দলীয় নেতাকর্মীদের মুক্তির দাবিতে গণমিছিল ও সমাবেশ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

শনিবার বেলা ১১ টার দিকে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুনের নেতৃত্বে শহরের কাথুলী সড়কে এ গণমিছিল করে দলটি। পরে কাথুলী বাসস্ট্যান্ডে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য দেন, জেলা বিএনপির সহসভাপতি আব্দুর রহমান, সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. মারুফ আহমেদ বিজন, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সাধারণ